# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

০২ অক্টোবর ২০১৯ (বুধবার)

[সময়কালঃ ০২.১০.২০১৯–০৬.১০.২০১৯]



**ডিসক্লেইমার**

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, বিহার ও পশ্চিমবঙ্গ অতিক্রম করে বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত । মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে তা মাঝারী অবস্থায় বিরাজ করছে। আগামী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী দেশের বিভিন্ন জেলায় বৃষ্টিপাতের পরিমাণ কমে আসবে। কাজেই সেচ, বালাইনাশক, সার প্রয়োগ ও আন্ত পরিচর্যা করতে পরামর্শ দেওয়া হলো। সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তথ্য অনুযায়ী আগামী কয়েকদিন গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধির কারণে পদ্মা নদীর পানি সমতলও বৃদ্ধি পাচ্ছে। এর ফলে আগামী কয়েকদিন পাবনা, চাপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, কুষ্টিয়া, মাগুরা, রাজবাড়ি, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর ও মুন্সীগঞ্জ জেলার নীচু এলাকায় মাঝারী মাত্রার বন্যা দেখা দিতে পারে। এই পরিস্থিতিতে উপরোক্ত জেলাগুলোর জন্য বিশেষ পরামর্শ প্রদান করা হয়েছে।

উপরোক্ত তথ্য, আবহাওয়ার পূর্বাভাস এবং গত কয়েকদিনের উপলব্ধ আবহাওয়া বিবেচনা করে যেসব জেলায় কম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে সেসব জেলার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রস্তুত করা হয়েছে।

**কৃষি আবহাওয়া পরামর্শ:**

**আমন ধান :**

- আগামী পাঁচ দিন কম বৃষ্টিপাতের সম্ভাবনা থাকায় সেচ প্রদান করে সর্বোচ্চ কুশি পর্যায় পর্যন্ত জমির পানির স্তর ৫-৭ সেমি রাখুন। কাইচ থোড় পর্যায়ে জমিতে পানির স্তর ২-৫ সেমি বজায় রাখুন।
- জমিতে আন্ত পরিচর্যা করুন।
- চারা রোপণের ১০-১৫ দিন পর প্রথমবার, ৩০-৩৫ দিন পর দ্বিতীয়বার আগাছা নিধন করতে হবে।
- চারা রোপণের ১৫-২০ দিন পর এক তৃতীয়াংশ নাইট্রোজেন সার উপরিপ্রয়োগ করুন। শেষ এক তৃতীয়াংশ নাইট্রোজেন সার কাইচ থোড় গঠনের ৫-৭ দিন আগে উপরি প্রয়োগ করতে হবে।
- নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। মাজরা পোকা, পামরি পোকা, চুঙ্গী পোকা, গল মাছির আক্রমণ থেকে রক্ষার জন্য আলোক ফাঁদ ব্যবহার করুন।
- চারা ও কুশি পর্যায়ে পাতা মোড়ানো পোকা বা পামরী পোকার আক্রমণ দেখা দিতে পারে। যদি একটি গোছায় পাতা মোড়ানো পোকা দ্বারা ক্ষতিগ্রস্থ একটি পাতা দেখা যায় অথবা একটি পামরী পোকার উপস্থিতি চোখে পড়ে তাহলে প্রতি লিটার পানিতে ১.৫ মিলি ক্লোরোপাইরিফস ২০ ইসি বা মনোক্রোটোফস ৪০ ইসি মিশিয়ে স্প্রে করুন।
- মাজরা পোকা অথবা পাতা খেকো পোকার আক্রমণ দেখা দিলে প্রতি একরে ১২ কেজি হারে কার্বোফুরান ৩ জি প্রয়োগ করুন।
- গাছ ফড়িং এর আক্রমণ দেখা দিতে পারে। সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। প্রতি গোছায় ৫টি বা তার বেশি গাছ ফড়িং দেখা গেলে অনুমোদিত মাত্রায় বালাইনাশক প্রয়োগ করুন।

- নীচু এলাকায় এখনও বন্যার পানি নেমে যাবার পর চারা রোপণ করার সুযোগ রয়েছে। যেহেতু দেরীতে রোপণ করা হচ্ছে, বিআর২২, বিআর২৩, ব্রি ধান ৩৮, ব্রি ধান ৪৬, বিনাশাইল, নাইজারশাইল ও স্থানীয় জাত ব্যবহার করা যেতে পারে।

**সবজি:**

- ঢেঁড়শ: পাতায় দাগ রোগ, জেসিড ও সাদা মাছি পোকার আক্রমণ দেখা দিতে পারে। পাতায় দাগ রোগ হলে প্রতি লিটার পানিতে ১ গ্রাম হারে কার্বেন্ডাজিম ৫০% ডব্লিউপি মিশিয়ে প্রয়োগ করতে হবে। জেসিড ও সাদা মাছি পোকার আক্রমণ দেখা দিলে ৩ লিটার পানিতে ১ গ্রাম হারে থিওমিথোক্সাম মিশিয়ে প্রয়োগ করুন। জমি পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন।
- শসা জাতীয় সবজি: ফলের মাছি পোকা, সাদা মাছি পোকা ও মোজাইক রোগ দেখা দিতে পারে। ফলের মাছি পোকার আক্রমণ হলে আক্রন্ত ফল সংগ্রহ করে ধ্বংস করতে হবে। আলোক ফাঁদ ব্যবহার করতে হবে। সাদা মাছি পোকার আক্রমণে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন। মোজাইক রোগ হলে আক্রান্ত গাছ তুলে ফেলতে হবে, সিস্টেমিক বালাইনাশক প্রয়োগ করতে হবে।
- বেগুন: বেগুনের ডগা ও ফল ছিদ্রকারী পোকা, নেমাটোড, সাদা মাছি পোকা, জেসিড, ফল পচা রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন। পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখুন।
- করলা ও পটল: বাড়ন্ত পর্যায়ে আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে ডাউনি মিলডিউ রোগ দেখা দিলে ১ লিটার পানিতে ২ গ্রাম হারে ম্যানকোজেব মিশিয়ে ১০ দিন পর পর দুইবার স্প্রে করুন।

**পাবনা, চাপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, কুষ্টিয়া, মাগুরা, রাজবাড়ি, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর ও মুন্সীগঞ্জ জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**

- জমির চারপাশের আইল উঁচু করে দিন
- ধানের জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন
- জমি থেকে অতিরিক্ত পানি বের হয়ে যাওয়ার জন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন
- সেচ, সার, বালাইনাশক প্রয়োগ বন্ধ রাখুন
- শীতকালীন সবজি বপন স্থগিত রাখুন
- পরিপক্ক সবজি দ্রুত সংগ্রহ করে ফেলুন
- কলা ও দণ্ডায়মান সবজিতে খুঁটির ব্যবস্থা করুন
- আখে প্রপিং করুন
- নীচু জায়গা থেকে উঁচু জায়গায় জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নিয়ে যাওয়ার জন্য নৌকার ব্যবস্থা করে রাখুন
- হাঁস মুরগী ও গবাদি পশু উঁচু জায়গায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করুন
- পুকুরের চারপাশে উঁচু করে বাঁধ দিন। সম্ভব হলে জাল অথবা বাঁশের চাটাই দিয়ে পুকুর ঘিরে দিন যাতে আকস্মিক বন্যার পানিতে মাছ ভেসে যেতে না পারে।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০২ অক্টোবর ২০১৯, সকাল ০৬টা পর্যন্ত) এবং ০১ অক্টোবর ২০১৯ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০২ অক্টোবর, ২০১৯ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩৩.৩ | ২৪.৯ | রাজশাহী | রাজশাহী | ০১ | ৩২.৫ | ২৪.৬ |
| | টাঙ্গাইল | ০০ | ৩২.৮ | ২৪.৪ | | ঈশ্বরদী | ০০ | ৩২.৫ | ২৪.৫ |
| | ফরিদপুর | ০০ | ৩২.৫ | ২২.৩ | | বগুড়া | ০০ | ৩১.৫ | ২৫.৩ |
| | মাদারীপুর | ০২ | ৩২.৭ | ২৪.৩ | | বদলগাছী | ০০ | ৩০.৮ | ২৪.৬ |
| | গোপালগঞ্জ | ০১ | ৩২.৩ | ২৩.২ | | তাড়াশ | ৩০ | ৩১.৭ | ২৪.৪ |
| | নিক্‌লি | ২৪ | ২৯.৫ | ২৪.৫ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ৩২.২ | ২৩.৮ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩০.৩ | ২৪.৬ | | দিনাজপুর | সামান্য | ৩১.০ | ২৩.২ |
| | নেত্রকোনা | ০৪ | ২৯.০ | ২৪.৮ | | সৈয়দপুর | ০০ | ৩১.৪ | ২৩.৮ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ২৯.৮ | ২৩.০ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩২.০ | ২৪.৬ | | ডিমলা | ০০ | ৩১.৫ | ২৩.৫ |
| | সন্দ্বীপ | ০৫ | ২৯.১ | ২৪.১ | | রাজারহাট | ০০ | ৩১.৩ | ২৩.১ |
| | সীতাকুন্ড | ০২ | ৩০.৫ | ২৪.৪ | | | | | |
| | রাঙ্গামাটি | ১০ | ৩১.৪ | ২৩.৮ | খুলনা | খুলনা | ২৮ | ৩৩.৪ | ২৫.০ |
| | কুমিল্লা | ০১ | ৩০.৭ | ২৪.৫ | | মংলা | ০০ | ৩৪.৫ | ২৫.৩ |
| | চাঁদপুর | ০২ | ৩৩.০ | ২৫.৫ | | সাতক্ষীরা | ০০ | ৩৪.০ | ২৬.৫ |
| | মাইজদীকোর্ট | ১১ | ৩১.২ | ২৪.৬ | | যশোর | ০৪ | ৩৪.২ | ২৪.২ |
| | ফেনী | ০০ | ৩১.৮ | ২৪.৫ | | চুয়াডাঙ্গা | ০০ | ৩৩.০ | ২৪.৯ |
| | হাতিয়া | ০৫ | ৩০.৫ | ২৪.৫ | | কুমারখালী | ২২ | টী | ২৪.০ |
| | কক্সবাজার | ০১ | ৩০.৮ | ২৩.৮ | | | | | |
| | কুতুবদিয়া | ০৮ | ৩০.৩ | ২৪.৬ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৩.৪ | ২৫.০ |
| | টেকনাফ | ০০ | ৩১.২ | ২৫.০ | | পটুয়াখালী | ০৯ | ৩৩.৫ | ২৪.৯ |
| | | | | | | খেপুপাড়া | ৮৫ | ৩৩.৫ | ২৪.০ |
| সিলেট | সিলেট | ৩৬ | ২৮.০ | ২৩.১ | | ভোলা | ০০ | ৩২.৯ | ২৫.৩ |
| | শ্রীমঙ্গল | ০৯ | ৩১.০ | ২৩.৬ | | | | | |


**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**


- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ২.৫২ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ২.৫৮ মিঃ মিঃ ছিল।


**সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**


**পূর্বাভাসঃ** খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ, রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।


## সপ্তাহের শেষে (০১ অক্টোবর, ২০১৯ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন


















Minimum Temperature (°C)
(25/09/2019 - 01/10/2019)
(°C)
22 23 24 25 26



Anomaly Minimum Temperature (°C)
(25/09/2019 - 01/10/2019)
(°C)
-3 -2 -1 0



Diurnal Temperature (°C)
(25/09/2019 - 01/10/2019)
(°C)
2 4 6 8


Anomaly Diurnal Temperature (°C)
(25/09/2019 - 01/10/2019)
(°C)
-4 -2 0 1


Maximum Humidity (%)
(25/09/2019 - 01/10/2019)
(%)
85 88 91 94 97 100


Minimum Humidity (%)
(25/09/2019 - 01/10/2019)
(%)
50 60 70 80 90


Wind Speed (knots)
(25/09/2019 - 01/10/2019)
(knots)
0 1 2 3 4


Cloud Amount (Octa)
(25/09/2019 - 01/10/2019)
(Octa)
5 6 7 8

# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস (০১/১০/২০১৯ হতে ০৭/১০/২০১৯ তারিখ পর্যন্ত):


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৩.০০ থেকে ৪.০০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


আগামী সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ২.২৫ মিঃ মিঃ থেকে ৩.২৫ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ে সারাদেশে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) বৃষ্টি/ বজ্রবৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি. মি./প্রতিদিন) বর্ষণ হতে পারে।
- এ সময়ে সারাদেশের দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

## আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (০২ অক্টোবর হতে ০৬ অক্টোবর, ২০১৯ পর্যন্ত)







Maximum Humidity (%)
(02/10/2019 - 06/10/2019)
(%)
80 85 90 95 100


Minimum Humidity (%)
(02/10/2019 - 06/10/2019)
(%)
75 80 85 90 95


Wind Speed (knots)
(02/10/2019 - 06/10/2019)
(knots)
1 2 3


# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্য:**

| | |
|---|---|
| NOAA/VIIRS BLENDED NDVI composite for the week number No. 38 (14 September -20 September) over Agricultural regions of Bangladesh   | NOAA/ AVHRR BLENDED VCI composite for the week number No. 38 (14 September -20 September) over Agricultural regions of Bangladesh   |
| NOAA/ AVHRR BLENDED TCI composite for the week number No. 38 (14 September -20 September) over Agricultural regions of Bangladesh | NOAA/ AVHRR BLENDED VHI composite for the week number No. 38 (14 September -20 September) over Agricultural regions of Bangladesh |




Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)

গত চার সপ্তাহে ও আগস্ট থেকে সেপ্টেম্বর  মাসে বাংলাদেশের উত্তর-পশ্চিমে, দক্ষিণ-পূর্ব অঞ্চলে অবস্থিত জেলাগুলিতে হালকা ভেজা  অবস্থা বিদ্যমান ছিল। অপর  পক্ষে, বাংলাদেশের দক্ষিণ, উত্তর-পূর্বাঞ্চল, পশ্চিম এবং কেন্দ্রীয় অঞ্চলে জেলাগুলি হালকা থেকে মাঝারি শুষ্ক অবস্থায় ছিল।




Data source: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

## বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা ০২ অক্টোবর, ২০১৯ তারিখের

(উ: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড)

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। এর ফলে গঙ্গা-পদ্মা ও গড়াই নদী সংলগ্ন পাবনা, কুষ্টিয়া, মাগুরা, রাজবাড়ী, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারিপুর, শরীয়তপুর ও মুন্সীগঞ্জ জেলাসমূহের নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- আগামী ৪৮ ঘণ্টায় ব্রহ্মপুত্র- যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৩ | বিগত ২৪ ঘন্টায় পানি সমতল অপরিবর্তিত | ০০ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল বৃদ্ধি | ৫৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হ্রাস | ৩৭ | **বিপদসীমার উপরে** | **০৪** |